



ড. নিকোলাই পি. ভিট্ট | সুপারইন্টেন্ডেন্ট অব স্কুলস | nikolai.vitti@detroitk12.org | Fisher Building, 3011 West Grand Blvd.,
14th Floor, Detroit, MI 48202 | O (313) 873-7922 | www.detroitk12.org

৯ জুলাই, ২০২১

প্রিয় ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট পরিবার,

আশা করি আপনি ও আপনার পরিবারের সবাই ভালো আছেন। আপনি জেনে আনন্দিত হবেন যে সকল ডিস্ট্রিক্ট কর্মী এই শরতে আপনাকে এবং আপনার শিক্ষার্থীকে স্বশরীরে দেখার জন্য উচ্ছ্বসিত, বিশেষ করে আমাদের শিক্ষকরা! আমাদের পরিবার এবং বৃহত্তর কমিউনিটির সাথে বেশ কয়েকবার আলাপআলোচনার উপর ভিত্তি করে, আমি জেনেছি কোভিড-১৯ মহামারীর কারণে কষ্ট দীর্ঘায়িত হচ্ছে এবং আমরা এখনো এই চ্যালেঞ্জ মোকাবিলা করছি। ডিস্ট্রিক্ট হিসেবে, আমরা মহামারীর অন্য প্রান্তে যাওয়ার সাথে সাথে আপনার সন্তান এবং আমাদের পরিবারগুলোকে সহায়তা করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমরা পরবর্তী স্কুল বর্ষের প্রতি দৃষ্টিপাত করার সাথে সাথে, আপনার সন্তানকে স্বশরীরে একাডেমিক, সামাজিক, মানসিক এবং ক্রীড়াগত/শৈল্পিকভাবে পুনরায় সম্পৃক্ত করার জন্য বরাবরের মতোই প্রস্তুত এবং সেখানে মনোনিবেশ করেছি।

আগেও যেমন বলা হয়েছে, ডিস্ট্রিক্ট এই স্কুল বর্ষে শিক্ষার্থীদের জন্য একটি পৃথক ভার্চুয়াল স্কুলের ব্যবস্থা করবে। ভার্চুয়াল স্কুল IEP বা 504 থাকা শিক্ষার্থীদের জন্যও উপলভ্য হবে যদি তাদের IEP/504 প্ল্যানের পর্যালোচনা নির্ধারণ করে যে ভার্চুয়াল পরিবেশে বিনামূল্যে এবং জনশিক্ষা (FAPE) সরবরাহ করা সম্ভব। আমরা পরিবারগুলোকে শুধুমাত্র আমাদের ভার্চুয়াল স্কুল অপশনটি বিবেচনা করতে উৎসাহিত করি যদি তাদের সন্তান দীর্ঘস্থায়ীভাবে অনুপস্থিত না থাকে এবং তাদের দ্বিতীয় সেমিস্টারের সকল কোর্সে পাস করে থাকে। তবে, আমরা এমন পরিবারগুলোর সাথে কাজ করতে ইচ্ছুক যারা মনে করে যে ভার্চুয়াল অপশনটি গত বছরের উপস্থিতি ও পারফরম্যান্স চ্যালেঞ্জ সত্ত্বেও এই শরতে তাদের সন্তানের একাডেমিক সাফল্যের জন্য সেরা অপশন। আপনি bit.ly/VirtualDPSCD থেকে ভার্চুয়াল স্কুলের আবেদনে অ্যাক্সেস করতে পারেন। আমরা জানি যে বেশিরভাগ শিক্ষার্থী স্বশরীরে স্কুলে ফিরলে সফলতা লাভ করবে। এই স্কুল বর্ষে, কোভিড-১৯এর তহবিলে অতিরিক্ত ১.২ বিলিয়ন মার্কিন ডলারসহ, আমরা স্বয়ংসম্পূর্ণ ক্লাসরুম, ছোট আকারের ক্লাস, আপনার সন্তানের জন্য আরো বেশি প্রযুক্তি, সম্প্রসারিত স্কুল পরবর্তী কর্মসূচি, এবং প্রতিটি স্কুলে একজন নার্স এবং মানসিক স্বাস্থ্য সহায়কের ব্যবস্থা করব। আমরা গ্রেড লেভেলের নিচে থাকা শিক্ষার্থীদের জন্য আরো ছোট গ্রুপ এবং ওয়ান-টু-ওয়ান সহায়তার মাধ্যমে আমাদের শিক্ষা সহায়তা সম্প্রসারিত করা অব্যাহত রাখছি। এসকল বাড়তি বিনিয়োগ এই শরতে আপনার সন্তানের আরো ভালভাবে সহায়তা প্রাপ্তি নিশ্চিত করবে।

কোভিড-১৯ ভ্যাকসিন এবং টেস্ট ১২ বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য সহজেই উপলব্ধ থাকা সত্ত্বেও, ডিস্ট্রিক্ট প্রতিটি ভবনে এবং কর্মী, শিক্ষার্থী এবং পরিবারের জন্য বাসে কঠোর সুরক্ষামূলক সতর্কতা অবলম্বন অব্যাহত রাখবে। এর মধ্যে থাকবে সাপ্তাহিক কোভিড-১৯ টেস্ট, দৈনিক তাপমাত্রা এবং উপসর্গ পরীক্ষা, ছোট আকারের ক্লাস, তিন ফুট সামাজিক দূরত্ব বজায় রাখা, ক্লাসরুম ও অফিস ভালোভাবে পরিষ্কার করা, ফ্যান ও এয়ার পিউরিফায়ারে প্রত্যেক কর্মীর আলাদা আলাদা অ্যাক্সেস, এবং সাবান ও হ্যান্ড স্যানিটাইজারে পর্যাপ্ত অ্যাক্সেস। আমরা শরতে স্কুলে ফিরে আসার সাথে সাথে শিক্ষার্থীদের সুরক্ষা ও স্বাস্থ্যের ক্ষেত্রে DPSCD একটি নেতৃত্বান্বিত ডিস্ট্রিক্ট ও সংস্থা হিসেবে অব্যাহত থাকবে। আমাদের কাছে আপনার সন্তানের স্বাস্থ্য ও সুরক্ষাই সবচেয়ে জরুরি।

আমি নিজেও এই শরতে আপনাদেরকে দেখার জন্য উচ্ছ্বসিত! আমি সহ, আমাদের সবার জন্যই এটি একটি কঠিন বছর ছিল। পরবর্তী শরতে আবার আমরা আমাদের শিক্ষার্থীদের স্বশরীরে উপস্থিত হয়ে সেবা দিতে পারব আমার কাছে এর থেকে বেশি আশাব্যঞ্জক খবর আর নেই। অনুগ্রহ করে আমার সাথে, আপনার অধ্যক্ষ, অথবা আমাদের ডিস্ট্রিক্ট টিমের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না। আমরা আপনাকে স্কুলের প্রথম দিন, ৭ সেপ্টেম্বর ২০২১-এ দেখার আশায় আছি।

আপনার বিশ্বস্ত,

ড. নিকোলাই পি. ভিট্ট

সুপারইন্টেন্ডেন্ট

ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট

শিক্ষার্থীদের উন্নতি | আমাদের সবার উন্নতি |